



ঢাকা, শনিবার ২৬ নভেম্বর ২০১১, ১২ অগ্রহায়ণ ১৪১৮, ২৯ জিলহজ ১৪৩২

## ব্র্যাক বিশ্ববিদ্যালয়ে রক্তদান বিষয়ে সেমিনার

সম্প্রতি ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের মিডিয়া অ্যান্ড জার্নালিজম ফোরাম ব্র্যাকইউ এবং রোটোরেক্ট ক্লাব ব্লাড ডোনেশন অ্যাওয়ারেনেস রেইজিং ক্যাম্পেইন শীর্ষক সেমিনার আয়োজন করে। এতে প্রধান অতিথি ছিলেন জাতীয় সংসদের হুইপ মো. মুজিবুল হক, এমপি। বিশেষ অতিথি ছিলেন রোটোরি ক্লাব মেট্রোপলিটন ঢাকার প্রেসিডেন্ট সৈয়দ তাহসিন হক, সিদ্ধেশ্বরী ইউনিভার্সিটি কলেজের মার্কেটিং বিভাগের প্রধান অধ্যাপক মিজানুর রহমান মজুমদার এবং গ্রামীণফোনের সিনিয়র সিস্টেম ইঞ্জিনিয়ার ডিআরআরই মাহমুদুল হাসান। অনূর্ধানে সভাপতিত্ব করেন ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মো. গোলাম সামদানী ফকির। অনূর্ধানে সূচনা বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের হেড অব আরএমও ইসমাত শিরীন। এর পর সম্মানিত অতিথিরা বক্তব্য রাখেন। বক্তারা রক্তদানের এ সচেতনামূলক সেমিনারকে স্বাগত জানান।